

জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
www.fireservice.gov.bd


স্মারক নং- ৫৮.০৩.০০০০.০২০.৪৫.০০৪.২০(পার্ট-১)-৭৮০৫

তারিখ- ০২/০৮/১৪২৯ বঃ
২৯/০৭/২০২২ খ্রিঃ

-অফিস আদেশ-

বিদ্যুৎ উৎপাদনের অন্যতম উপাদান জ্বালানী তেলের মূল্য বর্তমানে অস্বাভাবিক হারে বৃদ্ধির কারণে সরকারি সিদ্ধান্ত মোতাবেক বিদ্যুৎ ব্যয় ২৫% সাশ্রয়ের লক্ষ্যে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতাধীন সকল দপ্তর/স্টেশনে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালন করার জন্য অনুরোধ জানানো হলো-

- সকল ভবনে আলোকসজ্জা পরিহার করতে হবে;
- অফিসে এসি'র ব্যবহার সীমিত রাখতে হবে। এসি'র তাপমাত্রা ২৫ ডিগ্রী সেলসিয়াস বা তার উপরে রাখতে হবে;
- অপ্রয়োজনীয় বাতি ও ফ্যান এর ব্যবহার হতে বিরত থাকতে হবে;
- যেসব কক্ষ বাইরে থেকে আলো আসার ব্যবস্থা রয়েছে সেই কক্ষ গুলোতে বাতি নিভিয়ে পর্দা সরিয়ে দিনের আলো ব্যবহার করতে হবে;
- কক্ষ ত্যাগকালে সকল ইলেকট্রিক ও ইলেকট্রনিক সরঞ্জামাদি বন্ধ করতে হবে;
- বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে এলইডি লাইট ব্যবহার করতে হবে;
- বারান্দা ও করিডোরে বৈদ্যুতিক বাতির ব্যবহার যতদূর সম্ভব কমিয়ে আনতে হবে;
- ইলেকট্রিক হিটার, ওভেন এর ব্যবহার নিরুৎসাহিত করতে হবে;
- সভাকক্ষে সীমিত বাতি জ্বালিয়ে সভা পরিচালনার চর্চা করতে হবে;
- ব্লুফটপ সোলার সিস্টেম থাকলে তার নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে;
- বিভাগীয় স্থায়ী আদেশ অনুযায়ী সিডি ব্যতীত ব্যারাকের সকল বাতি রাত ১০:০০ টার পর বন্ধ থাকবে;
- প্রতিটি দপ্তর/স্টেশনে বিদ্যুৎ ব্যবহার মনিটরিং কমিটি গঠন করতে হবে। কমিটি দপ্তর/স্টেশনের নিয়ন্ত্রণকারী বরাবর মাসিক প্রতিবেদন দাখিল করবে;
- হাফ শার্ট পরিধান করে অফিসে যোগদান করা যাবে;
- ট্রেনিং কমপ্লেক্সসহ যে সকল স্টেশনে LED ডিসপ্লে রয়েছে সেগুলো শুধুমাত্র রক্ষণাবেক্ষণের জন্য ১৯:৩০ মিনিট হতে ২০:০০ মিনিট পর্যন্ত চালু রাখা হবে;
- বিদ্যুৎ সাশ্রয়ে সকল সরকারি সিদ্ধান্ত 'সর্বাগ্রে পালনীয়' হিসেবে বিবেচিত হবে।


২৯/০৭/২০২২

ব্রিগেডিয়ার জেনারেল

মোঃ মাইন উদ্দিন, বিএসপি, এনডিসি, পিএসসি, জি, এমফিল
মহাপরিচালক

ফোন: ০২২২৩৩৮৩৬১৪


স্মারক নং- ৫৮.০৩.০০০০.০২০.৪৫.০০৪.২০(পার্ট-১)- ৭৮০৫

তারিখ- ০২/০৮/১৪২৯ বঃ
২৯/০৭/২০২২ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক (১৫৬/২৫/১১ মডার্ন/সেফার প্রজেক্ট/ডুবুরি ইউনিট প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৪. উপপরিচালক (প্রশাঃ ও অর্থ/ পরিকল্পনা /অ্যান্মুলেঙ্গ/ উন্নয়ন/ অপারেশন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৫. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৬. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ ময়মনসিংহ।
৭. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ক্রয় ও স্টোর/অপারেশন/ওয়ারহাউজ ও ফায়ার প্রিভেনশন/পরিকল্পনা/উন্নয়ন/ প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৮. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, (সকল)।
৯. সহকারী রক্ষণাবেক্ষন প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০. সিনি. স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
১১. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স..... (সকল)।
১২. উপসহকারী যোগাযোগ প্রকৌশলী (বেতার), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ/ আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। [বিষয়টি আওতাধীন সকল দপ্তর/ স্টেশনে প্রেরণ এবং অধিদপ্তরের ওয়েবসাইট ও দাপ্তরিক ফেসবুক পেজ-এ প্রকাশের জন্য তাকে অনুরোধ জানানো হলো]
১৪. এ অধিদপ্তরের গার্ড ফাইল/ হিসাব/ বাসাবরাদ্দ/ নিয়োগ/ বদলি/ বিভাগীয় কল্যাণ তহবিল/ আইসিটি সেল/রেকর্ড/ এইচআরএম/ ডাটাএন্ট্রি/ এসিআর / ট্রেনিং/ ছুটি/ তদন্ত/ অপারেশন/ রেশন/ পেনশন/ ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট/ বৈদেশিক ক্রয়/ ক্রয় ও স্টোর/ পত্র গ্রহণও বিতরণ/ রিফর্ম সেল/ ওয়ারহাউজ/ পরিকল্পনা/ অ্যান্মুলেঙ্গ/ উন্নয়ন/ ফায়ার এন্ড সেফটি সেল/ নারী কল্যাণ/মিডিয়/ লিগ্যাল এন্ড এস্টেট/ আইডি কার্ড শাখা ও অধিদপ্তরের নোটিশ বোর্ড।



 নান্নুন মাহমুদ
 উপপরিচালক (প্রশাসন ও অর্থ)